

# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সংজ্ঞা, টাঙ্গাইল-১৯০২।

সূত্র: মাভাবিপ্রবি/এল.এস.অনু./পিএইচ.ডি/ত.বি./১০২/২০১৭

তারিখ: \_\_\_\_\_

লাইফ সায়েন্স অনুসূচ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের লাইফ সায়েন্স অনুসূচের অধীনে এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট (ইএসআরএম)/ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স (সিপিএস)/ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স (এফটিএনএস)/বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই)/ফার্মেসী/বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) বিভাগে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য ভর্তিচক্রে প্রার্থীদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।


পিএইচ.ডি. প্রোগ্রামে আবেদনের ন্যূনতম যোগ্যতাঃ

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি হচ্চক প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করতে হবে।

- ১। ক) এম.ফিল ডিগ্রী; অথবা  
খ) এমএস/এমএসসি ডিগ্রী (থিসিস); অথবা  
গ) এমএস/এমএসসি ডিগ্রী (নন-থিসিস) এবং কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান/কোম্পানী হতে দুই বছরের সক্রিয় গবেষণার অভিজ্ঞতা।  
ঘ) ক, খ ও গ - এ বর্ণিত সকল প্রার্থীর স্বীকৃত (Peer-reviewed) জার্নালে কমপক্ষে একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।
- ২। ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা  
খ) অনার্স ও মাস্টার্স পর্যায়ে কলেজ/বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের (সরকারী/স্বায়ত্বশাসিত) গবেষকদের দুই বছরের গবেষণার অভিজ্ঞতাসহ স্বীকৃত (Peer-reviewed) জার্নালে কমপক্ষে ১টি প্রকাশনা থাকতে হবে।  
গ) সকল প্রার্থীর এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ (ন্যূনতম ৫০% নম্বরসহ) অথবা জিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.৫ থাকতে হবে। অনার্স ও মাস্টার্স/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০ স্কেলে সিজিপিএ ন্যূনতম ৩.০০ অথবা সনাতন পদ্ধতিতে পাসকৃত প্রার্থীর ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে।

প্রয়োজনীয় তথ্যাদিঃ

- ০১। অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.mbstu.ac.bd](http://www.mbstu.ac.bd) অথবা সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তির আবেদন পত্র সংগ্রহ করা যাবে।
- ০২। আবেদন ফরম এর সাথে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা সংজ্ঞা, টাঙ্গাইল-১৯০২ এ ৫০০/= (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- ০৩। আবেদন ফরম এর সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি ও সকল পরীক্ষার পাশের সনদপত্র, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৪। শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে।
- ০৫। চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং ০২ (দুই) বছর শিক্ষাহুটি প্রদান করা হবে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ০৬। প্রার্থী ইতোপূর্বে কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির সময় উক্ত ভর্তি বাতিলের প্রমানপত্র জমা দিতে হবে।
- ০৭। প্রার্থীদের ০৫/০৩/২০২৪ তারিখ হতে ২৭/০৩/২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে।



ড. মোহাম্মদ তৌহিদুল ইসলাম  
রেজিস্ট্রার  
মাভাবিপ্রবি

(প্রয়োজনঃ ০২৯৯৭৭৫৩০১১)